



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

শিল্পনগরী ও সমন্বয় শাখা

৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ই-মেইল: info@bscic.gov.bd, ওয়েব সাইট: www.bscic.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন


স্মারক নং- ৩৬.০২.০০০০.০১৪.১৬.১৫৩.২২.৭৪

তারিখ: ০৫ মাঘ ১৪২৯
১৯ জানুয়ারি ২০২৩

বিষয় : বিসিকের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রার বিপরীতে আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) ফিডব্যাক প্রদান

শুদ্ধাচার চর্চায় স্বচ্ছতা ও জনাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক সকল মন্ত্রণালয়ের পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জন্যও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) সরাসরি অন্তর্ভুক্ত করা হয়েছে। সেই সংগে দপ্তর/সংস্থার আওতাধীন আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে বলা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের দাখিলকৃত প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের জন্য গত ২৭ ডিসেম্বর ২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়। আপনার কার্যালয় কর্তৃক আওতাধীন জেলা কার্যালয় ও শিল্পনগরী কার্যালয়সহ মোট ৩১টি কার্যালয়ের প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। শুদ্ধাচার কর্মপরিকল্পনা মূল্যায়নসহ দাখিলকৃত প্রমাণকসমূহ পর্যালোচনা করা হয়েছে। দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনাতে দেখা যায় প্রতিবেদন সূচকের ক্রমিক নং ১.২ এর বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হয়নি। ক্রমিক নং ১.২ এ সিদ্ধান্ত বাস্তবায়ন হলে অর্জন ১০০% এর পরিবর্তে ২৫% বা ৫০% লেখা হয়েছে। অপরপক্ষে বিসিক জেলা কার্যালয় চট্টগ্রাম, সিলেট, সিআইডিপি কার্যালয় কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে ক্রমিক নং ১.১ থেকে ১.৫, ২.১ এবং ৩.১ হতে ৩.৪ সূচকের ধারাবাহিকতা রক্ষা করা হয়নি। এ বিষয়ে আঞ্চলিক পরিচালক, বিসিক, চট্টগ্রামের যথাযথ নির্দেশনা ও মনিটরিং প্রয়োজন।

বর্ণিতাবস্থায়, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২২-২৩ বাস্তবায়নে আওতাধীন জেলাসমূহের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনে উল্লিখিত ক্রমিক নং ১.১ থেকে ১.৫, ২.১ এবং ৩.১ হতে ৩.৪ পর্যন্ত কার্যক্রম যথানিয়মে সম্পূর্ণ করতে যথাযথ নির্দেশনা ও মনিটরিং এর জন্য অনুরোধ করা হলো।


(মোহাম্মদ জাকির হোসেন)
পরিচালক (শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ)

ও
আহবায়ক
নৈতিকতা কমিটি
বিসিক, ঢাকা।

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কার্যালয়
চট্টগ্রাম।